তারিখ ...
পৃষ্ঠা ...

দৈনিক ইত্তেফাক

# ঘাটাইলে ভোট দিয়ে নেতা নির্বাচন করল খুদে শিক্ষার্থীরা

■ ঘাটাইল (টাঙ্গাইল) সংবাদদাতা

শিশুদের মধ্যে গণতান্ত্রিক চেতনা বিকাশের জন্য বৃহস্পতিবার ঘাটাইল উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হলো স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন। এ নির্বাচনে ভোট দিয়ে তাদের নেতা নির্বাচিত করল প্রতিটি বিদ্যালয়ের খুদে শিক্ষার্থী।

ওইদিন উপজেলা সদরের ঘাটাইল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ ছিল। নির্বাচনের সকল বিধি বিধান মেনে ভোট কেন্দ্রে স্থাপন করা হয়েছে। ভোট কক্ষের বাইরে ভোট দেওয়ার জন্য অপেক্ষায় সারি বেঁধে দাঁড়িয়ে আছে খুদে ভোটাররা। আর কেন্দ্রের ভেতরে নিয়ম অনুযায়ী দায়িত্ব পালন করছে খুদে শিক্ষার্থীদের মধ্য থেকেই নির্বাচিত প্রিসাইডিং পোলিং অফিসাররা। একইভাবে আইন-শৃঙ্খলার কাজে নিয়োজিত আছে একদল শিক্ষার্থী। বাইরে দাঁড়িয়ে ভোটারদের ভোট দিতে উৎসাহ জোগাচ্ছে এ বিদ্যালয়ের প্রতিদ্বন্দ্বী ১৫ প্রার্থী। এ রকম উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের চিত্র ছিল একই।

ঘাটাইল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্রী জান্নাত বলেন, এটাই আমার জীবনে প্রথম ভোট দেওয়া। সহপাঠীদের মধ্য থেকে আমরা আমাদের নেতা নির্বাচন করব এটা খুব আনন্দের।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত একসঙ্গে উপজেলার ১৭৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা এই নির্বাচনে অংশগ্রহণ করবে। শিক্ষার্থীরা প্রত্যক্ষ ভোট দিয়ে তাদের নেতা নির্বাচন করবে।

বেনীমাধব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ বলেন, শিশুদের মাঝে নেতৃত্ব বোধ গড়ে তোলা এবং ভোট প্রদানে সচেতন করাই এ নির্বাচনের উদ্দেশ্য। এ নির্বাচন তাদের জন্য নতুন অনুভূতি।

ঘাটাইল উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সেলিমা আখতার বলেন, শিশুদের মধ্যে গণতান্ত্রিক মূল্যবোধ গড়ে তোলার জন্যই এই নির্বাচন আয়োজন করেছে সরকার।